

গণপ্রতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০০২.২০১২ (অংশ-২)-৭৭৯

তারিখঃ ২৩.১২.২০১৪খ্রি.

প্রেরকঃ সুশীল কুমার পাল
সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫-২৭১১-৫১৫০) এর অনুকূলে চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরের বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য আরপিএ (জিওবি) বাবদ ১,৬৩,৬৮,৯৫৭/- (এক কোটি তেষটি লক্ষ আটষটি হাজার নয়শত সাতান্ন) টাকা অগ্রিম অর্থ উত্তোলনের অনুমোদন প্রদান।


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫-২৭১১-৫১৫০) এর অনুকূলে বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) রাজস্ব বাবদ ১ম কিস্তিতে ছাড়কৃত ৮৭৫.০০লক্ষ টাকা হতে ০৩ (তিন) টি প্যাকেজে ৩৮জন কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে (দৈনিক সম্মানী ভাতা, বিমান ভাড়া বাবদ (৫৩,১৮,২৬৯/- + ১৫,৪১,০৫৬)= ৬৮,৫৯,৩২৫/- (আটষটি লক্ষ উনষাট হাজার তিনশত পচিশ) টাকা লাইন ডাইরেক্টর ইন-সার্ভিস ট্রেনিং এর অনুকূলে ন্যাস্ত করণ এবং ৩৮ (আটত্রিশ) জনের টিউশন ফি, ইনস্টিটিউশনাল ও প্রোগ্রাম ডেভেলপমেন্ট ব্যয় বাবদ ৯৫,০৯,৬৩২/- (পঁচানব্বই লক্ষ নয় হাজার ছয়শত বত্রিশ) টাকা বৈদেশিক মুদ্রায় প্রশিক্ষণ প্রদানকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে প্রেরণ করার অনুমোদনসহ সর্বমোট ১,৬৩,৬৮,৯৫৭/- (এক কোটি তেষটি লক্ষ আটষটি হাজার নয়শত সাতান্ন) টাকা অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পন করতে হবে; এবং
- (ঘ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২। এই ব্যয় চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে ২৭-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অন্তর্ভুক্ত ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং-৫-২৭১১-৫১৫০) এর অনুকূলে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের অর্থ হতে কোড নং -৫-২৭১১-৫১৫০-৪৮৪০ হতে বহন করা হবে।

০৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।



23.12.2014
(সুশীল কুমার পাল)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

saspil@mohfw.gov.bd

পর পৃষ্ঠা দৃষ্টব্য

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৩. লাইন ডাইরেক্টর, ইন-সার্ভিস ট্রেনিং, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. উপ-সচিব (এফএমএইড), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. উপপ্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)ঢাকা।
৮. যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. যুগ্ম-প্রধান (পরিকল্পনা)- এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


২৩.১২.২০১৪
(সুশীল কুমার পাল)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd